

36402 - মীকাতের প্রায় ৩ ঘণ্টা পূর্বে ইহরামের জন্য প্রস্তুতি নেয়া

প্রশ্ন

আমরা মক্কা থেকে প্রায় ৩০০ কিঃমিঃ দূরে থাকি। এতটুকু দূরত্ব গাড়ি দিয়ে সফর করতে ৩ ঘণ্টার বেশি লাগে না। তাই আমাদের নিজেদের বাসা থেকে গোসল করে ইহরামের কাপড় পরে মক্কার উদ্দেশ্যে সফর করা কি জায়েয হবে?

প্রিয় উত্তর

হ্যাঁ জায়েয হবে। তবে আপনারা ইহরাম করবেন মীকাত অতিক্রম করাকালে।

শাইখ বিন বায (রহঃ) কে এমন ব্যক্তি সম্পর্কে জিজ্ঞেস করা হয়েছিল যে ব্যক্তি মক্কা থেকে ৩৫০ কিঃমিঃ দূরে থাকে এবং মক্কাতে গাড়ি দিয়ে আসে। তার জন্যে কি নিজের এলাকায় গোসল করে ইহরামের কাপড় পরে ইহরামের জন্য প্রস্তুত হওয়া জায়েয হবে? এবং তার জন্য কি তার এলাকা থেকে ইহরাম বাঁধা জায়েয হবে?

জবাবে তিনি বলেন:

গাড়ীর রাস্তা হিসেবে তাদের বাসা মীকাতের নিকটবর্তী হওয়ার কারণে তাদের জন্য নিজেদের বাসা থেকে গোসল করা, ইহরামের কাপড় পরা ও সুগন্ধি লাগানোতে কোন বাধা নেই। কিন্তু তাদের জন্য শরিয়তের বিধান হলো মীকাত থেকেই ইহরাম করা। ইহরাম মানে: হজ্জ বা উমরার কার্যে প্রবেশ করার নিয়ত করা। এটাই ইহরাম। তাছাড়া তাদের জন্য নিয়ত উচ্চারণ করাও শরিয়তের বিধান।

এভাবে বলবেন: *লাব্বাইকা উমরাতান কিংবা লাব্বাইকা হাজ্জান*। এরপর শরয়ি তালবিয়া পড়তে থাকবেন। তালবিয়া হলো:

লাব্বাইকা হুন্মা লাব্বাইক। লাব্বাইকাল শারিকা লাকা লাব্বাইক। ইন্নাল হামদা ওয়ান নি'মাতা লাকা ওয়াল মুলক। লা শারিকা লাক। আল্লাহ্ সকলকে তাঁর সন্তুষ্টিমূলক আমলের তাওফিক দিন। [সমাণ্ড]

[ফাতাওয়া বিন বায (১৭/৫১)]